

১৩/১০/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা : বিকরগাছা, যশোর।  
সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, উপজেলা ভাইস চেয়ারম্যান, বিকরগাছা, যশোর।  
তারিখ : ১৩/১০/২০২১ খ্রিঃ সময় : দুপুর - ১২.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যদের তালিকা ( পরিশিষ্ট - ক )**

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচী : ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী ছাড়াই সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী : ২। সমবায় সমিতিতে জলাতঙ্ক রোগের প্রতিষেধক (ভ্যাকসিন) টিকা সংরক্ষণের জন্য ০১টি ফিজ ক্রয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা সমবায় দপ্তরের আওতায় সংগঠিত গ্রাম বাংলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গ্রাম: বিকরগাছা, ডাকঘর: বিকরগাছা, উপজেলা: বিকরগাছা, জেলা: যশোর। উক্ত সমিতি সারা বৎসর জলাতঙ্ক রোগের ভ্যাকসিন বিনা মূল্যে বিতরণ করে থাকে। সমিতিতে উক্ত ভ্যাকসিন সংরক্ষণের জন্য রেফ্রিজারেটরের কোন ব্যবস্থা না থাকায় সংরক্ষণের সমস্যার সৃষ্টি হয়। জলাতঙ্ক রোগের ভ্যাকসিন সংরক্ষণের জন্য গ্রাম বাংলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিতে ৮.৫” সাইজের একটি রেফ্রিজারেটরের প্রয়োজন। জলাতঙ্ক রোগের ভ্যাকসিন সংরক্ষণের জন্য ৮.৫” সাইজের একটি রেফ্রিজারেটর সরবরাহের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত : ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গ্রাম বাংলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিতে ৮.৫” একটি রেফ্রিজারেটর প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো।

প্রকল্পের নাম :- গ্রাম বাংলা সঞ্চয় ও ঋণ দান সমবায় সমিতিতে জলাতঙ্ক রোগের প্রতিষেধক (ভ্যাকসিন) টিকা সংরক্ষণের জন্য ০১টি ফিজ ক্রয়।  
প্রকল্পের ব্যয় : ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

অতঃপর অধ্যাকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম রেজা

উপজেলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর।

তারিখ : ১৪/১০/২০২১ খ্রিঃ।

স্মারক নং : ৪৭.৬২.৪১.২৩.১০১.১৮.১৪৮.০৮- ৯৫৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বিকরগাছা, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর।

৩। উপপরিচালক, বিআরডিবি, যশোর।

৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, বিকরগাছা, যশোর।

৫। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), বিকরগাছা, যশোর।

৬। উপজেলা প্রকৌশলী, বিকরগাছা, যশোর।

৭। ..... সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, বিকরগাছা, যশোর।

৮। অফিস কপি।

(বি এম কামরুজ্জামান)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিকরগাছা, যশোর।

ফোন নং : ০৪২৭৭-৭৬৯২০৮

